# আল-আদিয়াত | Al-Adiyat | اَلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ১

## আরবি মূল আয়াত:

وَ الۡعٰدِیٰتِ ضَبۡحًا ۙ﴿۱﴾

## অনুবাদসমূহ:

কসম ঊর্ধ্বশ্বাসে ছুটে যাওয়া অশ্বরাজির, — আল-বায়ান

শপথ সেই (ঘোড়া) গুলোর যারা ঊর্ধ্বশ্বাসে দৌড়ায়, — তাইসিরুল

শপথ উর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজীর, — মুজিবুর রহমান

By the racers, panting, — Sahih International

### ১. শপথ উধর্বশ্বাসে ধাবমান অশ্বরাজির(১),

(১) اَلْعَادِيَاتশব্দটি عدوথেকে উদ্ভূত। অর্থ দৌড়ানো। ضبحবলা হয় ঘোড়ার দৌড় দেয়ার সময় তার বক্ষ থেকে নির্গত আওয়াজকে। কোন কোন গবেষকের মতে এখানে দৌড়ায় শব্দের মাধ্যমে ঘোড়া বা উট অথবা উভয়টিও উদ্দেশ্য হতে পারে। তবে ইমাম কুরতুবী ঘোড়াকেই প্রাধান্য দিয়েছেন।

তাফসীরে জাকারিয়া

### ১। শপথ ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির। [1]

[1] عاديات হল عادية এর বহুবচন শব্দ। এর মূল ধাতু হল عدو। যেমন غزو ধাতু হতে غازيات। মূল শব্দের و কে ي দ্বারা পরিবর্তন করা হয়েছে। এর অর্থ হল ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্ব বা ঘোড়া। ضَبح শব্দের অর্থ হল হাঁপানো। কারো নিকট এর অর্থ হল, চিঁহি রব করা। উদ্দেশ্য সেই অশ্বরাজি; যেগুলি হাঁপিয়ে হাঁপিয়ে অথবা চিঁহি রব করে (ঊর্ধ্বশ্বাসে) জিহাদে দ্রুত গতিতে শত্রুর দিকে ছুটে যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6147

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন